



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 খাদ্য অধিদপ্তর  
 প্রশাসন বিভাগ  
 খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০  
[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)

নম্বর: ১৩.০১.০০০০.০৩২.২৩.০০১.২০.৮৯

তারিখ: ১৬ ভাদ্র ১৪২৭

৩১ আগস্ট ২০২০

পরিপত্র

**বিষয়:** খাদ্য অধিদপ্তর (খাদ্য ভবনের) দেওয়াল, সীমানা প্রাচীর, পিলার, সিডির স্পেস ও সানসেটে ব্যানার, পোস্টার, লিফলেট টানানোর ক্ষেত্রে অনুসরণীয় নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করে জানানো যাচ্ছে যে, বিভিন্ন সময় জাতীয় দিবস যথা- ২১ ফেব্রুয়ারি মাতৃভাষা দিবস, ২৬ মার্চ মাহান স্বাধীনতা দিবস, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস, ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস, বাংলা নববর্ষ ১ বৈশাখ এবং অন্যান্য দিবস উদযাপন উপলক্ষে সরকারি ব্যানার, পোস্টার, এক্সটেন্ড ব্যানার টানানো হয়। এছাড়া কোন কর্মকর্তা/কর্মচারী ইতেকাল করলে শোক বার্তার ব্যানার টানানো হয়। বিগত ১৫ আগস্ট জাতীয় শোক দিবস/২০২০ উদযাপন উপলক্ষে খাদ্য ভবনের সম্মুখ ভাগের সানসেটের উপর দেওয়ালে বিভিন্ন সমিতির ব্যানার টানানো হয়। এতে খাদ্য মন্ত্রণালয় ও খাদ্য অধিদপ্তরের সরকারি ব্যানার টানানোর স্থান সংকুলান হয়নি। কোন কোন সময় ব্যানার টানানোর ফলে জানালার গ্লাস ভেঙ্গে যেতে দেখা যায়। সার্বিক দিক বিবেচনায় এখন থেকে খাদ্য ভবনের ভিতর ও বাহির, সীমানা প্রাচীর ইত্যাদি জায়গায় ব্যানার টানানোর প্রয়োজন হলে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করতে হবে;

- (ক) ব্যানার টানানোর পূর্বে ব্যানারের টেক্সট ডেমুসহ প্রশাসন বিভাগ বরাবর আবেদন দাখিলগূর্বক প্রশাসন বিভাগের অনুমতি গ্রহণ করতে হবে;
- (খ) যে কারণে ব্যানার/পোস্টার টানানো প্রয়োজন তার যথাযথ ব্যাখ্যা প্রদান করতে হবে;
- (গ) বিভিন্ন সরকারি দিবস/কর্মসূচি উদযাপন উপলক্ষে খাদ্য মন্ত্রণালয় ও খাদ্য অধিদপ্তরের ব্যানার, পোস্টার, লিফলেট ইত্যাদি গুরুত্বপূর্ণ ও দর্শনীয় স্থানে টানানোর ক্ষেত্রে অগাধিকার পাবে;
- (ঘ) ব্যানারের সাইজ ও ব্যানার টানানোর জায়গা নির্ধারণ করবে প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর;
- (ঙ) অনুমোদিত সাইজ/আয়তনের ব্যানার তৈরীপূর্বক টানানোর সরঞ্জামসহ প্রশাসন বিভাগে (নেজারত) জমা দিতে হবে;
- (চ) প্রশাসন বিভাগ (নেজারত) নিজ দায়িত্বে ব্যানার, পোস্টার ইত্যাদি টানানোর ব্যবস্থা গ্রহণ করবে;
- (ছ) ব্যানার, পোস্টার, লিফলেট ইত্যাদি টানানোর ক্ষেত্রে কোন ভাবেই ভবনের সৌন্দর্য নষ্ট করা যাবে না;
- (জ) এছাড়া যখন যে নির্দেশনা দেয়া হয়েছে/হবে তা অনুসরণ করতে হবে;

৩-৯-২০২০

সারোয়ার মাহমুদ

মহাপরিচালক

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঁঃ

- ১) অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২) পরিচালক (সকল) ..... খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩) প্রধান মিলার, সরকারি আধুনিক ময়দা মিল, পোস্টগোলা ঢাকা।
- ৪) প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা।

- ৫) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/রংপুর/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট।
- ৬) সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো/নারায়ণগঞ্জ সাইলো/সান্তাহার সাইলো/আশুগঞ্জ সাইলো/খুলনা সাইলো।
- ৭) অতিরিক্ত পরিচালক (সকল) ....., খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৮) সিল্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। ওয়েব সাইটে প্রকাশের জন্য।
- ৯) সভাপতি/সাধারণ সম্পাদক, বিসিএস ফুড এসোসিয়েশন, খাদ্য ভবন।
- ১০) সভাপতি/মহাসচিব, বাংলাদেশ খাদ্য কর্মকর্তা সমিতি, খাদ্য ভবন, ঢাকা।
- ১১) সভাপতি/মহাসচিব, বাংলাদেশ খাদ্য পরিদর্শক সমিতি, খাদ্য ভবন, ঢাকা।
- ১২) সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ খাদ্য কর্মচারী সমিতি, খাদ্য ভবন, ঢাকা।
- ১৩) সভাপতি/মহাসচিব, বাংলাদেশ সাইলো কর্মচারী পরিষদ।
- ১৪) সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ সরকারি গাড়িচালক সমিতি, খাদ্য ভবন ইউনিট।
- ১৫) সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ ৪র্থ শ্রেণীর কর্মচারী সমিতি, খাদ্য ভবন ইউনিট।
- ১৬) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ১৭) নিরাপত্তা প্রহরী (সকল) ....., খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ১৮) অফিস কপি/ মাস্টার কপি।